# ইসলামপুর উপজেলা পরিষদের এপ্রিল ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব এস. এম. জামাল আব্দুন নাছের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
সভার তারিখ ও সময় ঃ ২০ এপ্রিল, ২০২২; বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ হলরুম
উপস্থিতি ঃ সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত মাননীয় ধর্মপ্রতিমন্ত্রী, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানানো হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। **গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। | পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় এবং কোন সংযোজন বা বিয়োজনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

২। **বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

| | | |
|---|---|---|
| **স্বাস্থ্য বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড১৯ টিকা কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। উপজেলায় ৭০.৫৩% ১ম ডোজ টিকাদান সম্পন্ন হয়েছে। নতুন ৮ জন ডাক্তার যোগদান করেছেন। মাতৃ মৃত্যুর হার কমানোর জন্য ইসলামপুর হাসপাতালে সর্বাক্ষণিকভাবে নরমাল ডেলিভারী ব্যবস্থা রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। ৫৩ টি কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম চলমান রয়েছে। হাসপাতালের চত্বরে দালালের উৎপাত বৃদ্ধি বিষয়ে সংশ্লিষ্টদেরকে মৌখিকভাবে সর্তক করা হয়েছে। যদি এরপরও তাদের উৎপাত থাকে তাহলে প্রশাসনের সহযোগিতা মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। | টিকা কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয় এবং ইসলামপুর হাসপাতালের চত্বরে দালালের মুক্ত করার জন্য জরুরী পদক্ষেপ গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর ও<br>সংশ্লিষ্ট সকল |
| **প্রকৌশল বিভাগ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) খুবই শিঘ্রই টেন্ডার আহ্বান করা হবে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন খাতে প্রকল্প গ্রহণ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>তিনি আরও জানান যে, মাননীয় প্রতিমন্ত্রী ধর্ম বিষয়ক মন্ত্রণালয় মহোদয়ের মৌখিক নির্দেশনারর প্রেক্ষিতে উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় জামালপুর জেলার ইসলামপুর উপজেলাত্র পরিষদের নিরাপত্তার লক্ষ্যে এছাড়া বিভাগী অন্যান্য কাযক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইসলামপুর, জামালপুর।<br>ও<br>সংশিষ্ট সকল |
| **কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, বোরো মৌসুম চলছে কৃষকরা কিছু দিনের মধ্যে ধান কাটতে পারে। এবার ঝর-বৃষ্টি কম হওয়ায় ফসলের তেমন কোন ক্ষতি হয়নি। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার ইসলামপুর, জামালপুর। |
| **প্রাণি সম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণি সম্পদ অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার ইসলামপুর, জামালপুর। |
| **মৎস্য বিভাগ**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের প্রতিনিধি ৩ মাসে ১৮ জন মৎস্যচাষীকে পাবদা চাষের বিষয় প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | |
|---|---|---|
| **পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২২ মাসের অর্জন, ) স্থায়ী পদ্ধতি (মহিলা) = ০৭ জন, পুরুষ ০০ জন, খ) আই ইউডি = ২০ জন, গ) ইমপ্লান্ট = ৮৪ জন, ঘ) ইসিপি ২১ জন, ঙ) কন্ডম ২৮০৮০ পিচ, চ) খাপন (বড়ি) ৪৪৪ জন চক্র, ছ) খাবার বড়ি (সুখী) ১৬৯৭৬ চক্র, জ) ইনজেকশন ১৪৪৩ ভায়াল, মিসোপ্রোস্টল ৪৬৯। সর্বমোট গর্ভবতীর সংখ্যা ২২৫৩ জন, নতুন গর্ভবতীর সংখ্যা ৩২৬ জন এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার ইসলামপুর,জামালপুর। |
| **দুর্যোগ ও ত্রাণ বিভাগ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে ১ম পর্যায়ে কাবিখা/কাবিটা মোট ৯৭ টি থেকে ৯৬ টি প্রকল্প এবং টি.আর এর মোট ১৪২ টি প্রকল্প ১০০% সমাপ্ত হয়েছে। এছাড়া ২য় পর্যায়ে টি.আর এর মোট ২২৩ টি প্রকল্পের কাজ চলমান আছে। এইচবিবি ২০০০ মি. প্রকল্পের কাজ চলমান আছে। ৭ টি সেতু/কালভার্ট এর কাজ শুরু হবে। ১ টি বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ চলমান আছে। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ৬০ টি প্রকল্পের কাজ চলমান আছে। ইজিপিপি প্রকল্পের আওতায় ৪০ দিনের কার্যক্রম সরকারি নীতিমালা অনুযায়ী সঠিক নিয়মে যথসময়ে বাস্তবায়ন করার জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ |
| **সমাজ সেবা বিভাগ**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার |
| **শিক্ষা বিভাগ**<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ইসলামপুর, জামালপুর।<br>ওসংশ্লিষ্ট সকল |
| **মাধ্যমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ইসলামপুর, জামালপুর।<br>ও সংশ্লিষ্ট সকল |
| **মহিলা বিষয়ক বিভাগ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>ইসলামপুর, জামালপুর |
| **যুব ও ক্রীড়া বিভাগ**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ**<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, এপ্রিল/২০২২ ইসলামপুর উপজেলার চলমান উন্নয়নমূলক কাজের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৫টি ওয়াশব্লক নির্মাণধীন, ০৪ টি ওয়াশব্লক প্রক্রিয়াধীন, ইসলামপুর পৌরসভা পানি সরবরাহ ও স্যানেটেশন প্রকল্পের কাজ চলমান রয়েছে। মুজিব বর্ষের গৃহহীন পরিবারের জন্য ২০টি নলকূপের কাজ সমাপ্ত ও ৩১ টি নলকূপের বোরিং কাজ চলমান, আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের কাজ চলমান এবং Under village water supply project (2nd Revised) প্রকল্পের কাজ চলমান। সমগ্র বাংলাদেশ প্রকল্পের ৩১২ টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে এবং আই, আর , পি ১৯ টি নলকূপের কাজ চলমান রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>ইসলামপুর, জামালপুর। |
| **পল্লী উন্নয়ন বিভাগ**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋন আদায় ও বিতরণ হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **সমবায় বিভাগ**<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, ইসলামপুর উপজেলার ১১৪ টি প্রাথমিক সমবায় সমিতির মধ্যে ২০২০-২১ অডিট বর্ষে ৮৬ টি সমিতির অডিটি সম্পাদন করা হয়েছে। বাকী সমিতিগুলো অডিট সম্পাদন যথাসময়ে শেষ হবে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |

| | | |
|---|---|---|
| **বন ও পরিবেশ অধিদপ্তর**<br>ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, চারা উৎপাদন কার্যক্রম এখনো পর্যন্ত শুরু হয়নি বরাদ্দ পাওয়া সাপেক্ষে চারা উৎপাদন করা হবে।। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বড় সাইজের চারা বিতরণের উদ্যোগ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, বন ও পরিবেশ অধিদপ্তর, ইসলামপুর, জামালপুর। |
| **বিদ্যুৎ বিভাগ**<br>ডিজিএম, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, চাহিদা মোতাবেক বিদ্যুৎ সরবরাহ না থাকায় বিদ্যুৎতের লোড শেডিং হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | ডিজিএম, পল্লী বিদ্যুৎ ইসলামপুর, জামালপুর। |
| **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, মার্চ, ২০২২ হতে ১২ টি ইউনিয়নের ৫৩ জন ডিলারের মাধ্যমে খাদ্যবান্ধব কর্মসূচির আওতায় ১০ টাকা কেজি দরে চাল বিক্রির কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ইসলামপুর, জামালপুর। |
| **পল্লী সঞ্চয় ব্যাংক**<br>শাখা ব্যবস্থাপক জানান যে, ইসলামপুর উপজেলায় ১২ টি ইউনিয়নে পল্লী সঞ্চয় ব্যাংক এর ৩৮৮ টি সমিতির ১৮৬০৮ জন সদস্য রয়েছে। মার্চ ২০২২ মাসে ৭,১২,০০০/- টাকা সঞ্চয় জমা হয়, ১,৮৩,২১,০০০/- টাকা ঋণ আদায় হয় ও ২,১৮,২৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয় এবং ১,৬৪,০০০/- টাকা সঞ্চয় উত্তোলন করা হয়, মোট ১,৯০,৩৩,০০০/- মোট জমা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক ইসলামপুর, জামালপুর। |

**৩। ১৭ কমিটি পুনঃগঠনঃ**

| | | |
|---|---|---|
| --- | --- | --- |

**৪। সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৫। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

**৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ঃ**

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০১/০২/২০২২ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ৩৯,৯৮,৬৩৬/২০ (উনচল্লিশ লক্ষ আটানব্বই হাজার ছয়শত ছত্রিশ টাকা বিশ পয়সা) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৫৭,৫৭,৯৬৩/- (সাতান্ন লক্ষ সাতান্ন হাজার নয়শত তেষট্টি) টাকা স্থিতি রয়েছে। দাপ্তরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিন্মোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয়সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। |

| ক্রঃ নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের মার্চ/ ২০২২ মাসের সম্মানিভাতা প্রদান | ৯৪০০০.০০ |
| ০২ | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর মার্চ/২০২১ মাসের বেতন | ২১৯০০.০০ |
| ০৩ | উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ ব্যয় | ৩৮০০০.০০ |
| ০৪ | উপজেলা পরিষদ আনুষাঙ্গিক ব্যয় বাবদ | ৫০০০.০০ |
| ০৫ | উপজেলা পরিষদের ইন্টারনেট বিল | ৬০০০.০০ |



CamScanner

| | | |
|---|---|---|
| য়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ইসলামপুর উপজেলাটি বৃহত্তর যমুনা ও ব্রহ্মপুত্র নদী দ্বারা বিধৌত একটি উপজেলা। এ জেলা প্রতিবছর বন্যায় অধিকাংশ এলাকা নিমর্জিত হয়ে ২(দুই) লক্ষাধিক পানি বন্দি এবং ফসল ব্যাপক ক্ষয়-ক্ষতি হয়। এছাড়া যমুনা ও ব্রহ্মপুত্র দ্বারা ভাঙ্গণ কবলিত হয়ে রাস্তা-ঘাট, ব্রীজ-কালভার্ট, শিক্ষাপ্রতিষ্ঠানসহ মানুষের বসতভিটা হারাচ্ছে। এ সকল ক্ষতিগ্রস্থ ব্রীজ-কালভার্ট, শিক্ষাপ্রতিষ্ঠানসহ পুর্ণনির্মাণসহ বসতবাড়ী হারানো লোকজনদের পুনর্বাসন করার লক্ষ্যে বিশেষ থোক হিসেবে ৫(পাঁচ) কোটি টাকা বরাদ্দ প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে ইসলামপুর উপজেলার ক্ষতিগ্রস্থ ব্রীজ-কালভার্ট, শিক্ষাপ্রতিষ্ঠান ও বসতবাড়ী হারানো লোকজনদের পুনর্বাসন লক্ষ্যে বিশেষ থোক হিসেবে ৫(পাঁচ) কোটি টাকা বরাদ্দের চাহিদা পত্র স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। |
| ঘ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ১৪২৯ বাংলা সালের ইসলামপুর উপজেলার ২৪ হাট-বাজারের মধ্যে ১৮ টি হাট-বাজার ইজারা প্রদানের নিমিত্ত উপজেলা হাট-বাজার দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশের প্রেক্ষিতে ১৮ টি হাট-বাজার প্রদান করা যেতে পারে। অবশিষ্ট ৬ টি (১। গুঠাইল হাট, ২। কাঠমা জনতা বাজার, ৩। মোরাদাবাদ বাজার, ৪। ঢেংগারগড় বটতলা বাজার, ৫। মালমারা বাজার ও ৬। মোহাম্মদপুর বাজার) হাট-বাজারসমূহ খাস আদায় করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে ২৪ হাট-বাজারের ১৮ টি হাট-বাজার ইজারা প্রদান ও অবশিষ্ট ৬টি হাট-বাজারসমূহ খাস আদায়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর, জামালপুর। |
| ঙ) চেয়ারম্যান, গাইবান্ধা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, হাট-বাজার উন্নয়ন খাত হতে নাপিতেরচর বাজারের শেডঘর নির্মাণ, দত্তপাড়া আনন্দ বাজারে সোলার স্ট্রীট লাইট স্থাপন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে হাট-বাজার উন্নয়ন খাত হতে প্রকল্প গ্রহণ করে বাস্তবায়ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত | সংশ্লিষ্ট সকল |
| ছ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ইসলামপুর উপজেলায় জেলা পরিষদ কর্তৃক আইসিইউ সমৃদ্ধ এ্যাম্বুলেন্স সরবরাহের লক্ষ্যে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার প্রদান করেছেন। বর্তমানে এ্যাম্বুলেন্সটির মূল্য বৃদ্ধি পাওয়ায় আরও ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা অতিরিক্ত প্রদান করার জন্য ইসলামপুর উপজেলাকে অনুরোধ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৩,৬০,০০০/- (তিন লক্ষ ষাট হাজার) টাকা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ইসলামপুর, জামালপুর। |
| চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ভূমিহীন ও গৃহহীন জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ১(এক) ঘর সাপধরী ইউনিয়নে নির্মাণ করার জন্য উপকার ভোগী নির্বাচন করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে চেয়ারম্যান সাপধরী ইউনিয়ন পরিষদকে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, সাপধরী ইউনিয়ন পরিষদ ইসলামপুর, জামালপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস. এম. জামাল আব্দুন নাছের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ইসলামপুর, জামালপুর।

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.২০- ২২

তারিখঃ ০৭ বৈশাখ ১৪২৮
২০ এপ্রিল, ২০২২

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৫। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৭। উপজেলা ........................................... অফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।
৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।
৯। চেয়ারম্যান,.............................. (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।
১০। অফিস কপি।

(মুঃ তানভীর হাসান রুমান)
উপজেলা নির্বাহী অফিসার
ইসলামপুর, জামালপুর।



CamScanner